

## ৩য় আন্তর্জাতিক হেমাটোলজি কনফারেন্স বাংলাদেশ ২০১৭-এর উদ্বোধন দেশে জনগত হিমোগ্লোবিন ডিজঅর্ডারের বাহক ৮৪ লক্ষ, ৭০ শতাংশ মানুষ রক্তস্বল্পতায় আক্রান্ত

আজ শনিবার ২৫ নভেম্বর ২০১৭ইং তারিখ, দুপুর ১২টা ৩০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে হেমাটোলজি সোসাইটি অফ বাংলাদেশ-এর উদ্যোগে ২ দিনব্যাপী ৩য় আন্তর্জাতিক হেমাটোলজি কনফারেন্স, বাংলাদেশ ২০১৭-অনুষ্ঠিত হয়। উক্ত কনফারেন্সের প্রধান অতিথি হিসেবে শুভ উদ্বোধন করেন মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী জনাব জাহিদ মালিক, এমপি, বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ। এতে সভাপতিত্ব করেন হেমাটোলজি সোসাইটি অফ বাংলাদেশ-এর সভাপতি অধ্যাপক ডা. মাসুদা বেগম। স্বাগত বক্তব্য রাখেন সোসাইটির সাবেক সভাপতি অধ্যাপক ডা. এম এ খান। ধন্যবাদ জ্ঞাপন করেন সোসাইটির সাধারণ সম্পাদক অধ্যাপক ডা. মোঃ মাহবুবুর রহমান।

অনুষ্ঠানে অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য, ভারত, শ্রীলংকা, মালয়েশিয়া, নিউজিল্যান্ড-এর প্রখ্যাত রক্তরোগ বিশেষজ্ঞগণসহ প্রায় ২৫০ জন চিকিৎসক অংশগ্রহণ করেন। বক্তারা বলেন, বাংলাদেশে বর্তমানে থ্যালাসেমিয়াসহ জনগত হিমোগ্লোবিন ডিজঅর্ডারের বাহক প্রায় ৮৪ লাখ, এছাড়াও দেশের প্রায় ৭০ শতাংশ মানুষ কোন না কোনভাবে রক্তস্বল্পতায় আক্রান্ত। এছাড়া হিমোফিলিয়া রোগীর সংখ্যাও আনুমানিক প্রায় ২০,০০০, দিন দিন-এর ভয়াবহতা বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশে ব্লাড ক্যান্সারের চিকিৎসা সেবা নিয়েও কনফারেন্স বক্তারা বিশদভাবে আলোচনা করেন। দেশে বর্তমানে ৩টি প্রতিষ্ঠানে বোনম্যারো ট্রান্সপ্লান্টেশনের সুযোগ রয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ও ক্যান্সার রিসার্চ ইনস্টিটিউটে বোনম্যারো ট্রান্সপ্লান্টেশন প্রক্রিয়াধীন রয়েছে, যা শীঘ্রই এ সরকারের মেয়াদে কার্যক্রম শুরু করবে। ৮টি সরকারী মেডিক্যাল কলেজে রক্তরোগ চিকিৎসার সুযোগ রয়েছে।

ব্লাড ক্যান্সার ও হিমোফিলিয়া রোগের চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল যা অধিকাংশ রোগীর পক্ষে বহন করা সম্ভব হয় না। এসব রোগের ব্যয়ভার সহনীয় করার জন্য কনফারেন্স হতে সরকারের কাছে আবেদন জানানো হয়। এছাড়া হেমাটোলজি সোসাইটি অব বাংলাদেশের পক্ষ থেকে দেশে ক্রমবর্ধমান ভাবে বিভিন্ন রক্তরোগে আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় দেশে একটি পূর্ণাঙ্গ হেমাটোলজি ইনস্টিটিউট ও হেমাটোলজি ফাউন্ডেশন প্রতিষ্ঠার জন্য সরকারের কাছে জোর দাবি জানায়।